দৈনিক
ইত্তেফাক

তারিখ 8 NOV 2012
পৃষ্ঠা ... কলাম ...

চট্টগ্রাম মহিলা পলিটেকনিক

ছয় দাবিতে শ্রেণিকক্ষে শিক্ষার্থীদের তালা

■ চট্টগ্রাম অফিস

অধ্যক্ষের বদলি আদেশ প্রত্যাহারসহ ছয় দফা দাবিতে গত মঙ্গলবার শ্রেণিকক্ষে তালা লাগিয়ে বিক্ষোভ করেছেন চট্টগ্রাম মহিলা পলিটেকনিক ইনস্টিটিউটের ছাত্রীরা। নগরীর আগ্রাবাদ ক্যাম্পাসে ইনস্টিটিউটের চারটি বিভাগের শিক্ষার্থীরা ক্লাস বর্জন করে এ কর্মসূচি পালন করেন।

জানা যায়, ইনস্টিটিউটের ভারপ্রাপ্ত অধ্যক্ষ আব্দুল মালেককে পদোন্নতি দিয়ে কাপ্তাই পলিটেকনিকে বদলি করা হয়। কিন্তু শিক্ষার্থীরা তার বদলি মেনে নেয়নি। মঙ্গলবার তারা শ্রেণিকক্ষে তালা দিয়ে বিক্ষোভ করে। পরে ছাত্রী প্রতিনিধিরা শিক্ষকদের সঙ্গে সমঝোতায় এসে তালা খুলে দেন। ছাত্রীদের দাবির মধ্যে রয়েছে ইনস্টিটিউটের অধ্যক্ষ আব্দুল মালেকের বদলির আদেশ প্রত্যাহার, শিক্ষক সংকট, হোস্টেল ও পরিবহন সমস্যাসহ ৬ দফা।